দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# কটিয়াদীতে ৩২টি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

■ কটিয়াদী(কিশোরগঞ্জ)সংবাদদাতা

কিশোরগঞ্জের কটিয়াদী উপজেলার ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক নেই। এছাড়া ৩৪টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে স্কুলগুলো পরিচালিত হচ্ছে। শিক্ষক সংকটের কারণে কোমলমতি শিশুদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। প্রধান শিক্ষক শূন্য প্রাথমিক বিদ্যালয়গুলো হচ্ছে: নোয়াগাঁও, ভিটিপাড়া, শিমুহা দীঘির পাড়, নাগেরগ্রাম, দিয়াকুল, পাঁচলী পাড়া, ভাট্টা, ভূনা, উত্তর ভূনা, মন্ডলভোগ, চান্দপুর মধ্যপাড়া, চান্দপুর কুড়ের পাড়, চান্দপুর, চরআলগী: পূর্ব চরআলগী, বোয়ালিয়া, চরকাউনিয়া, উত্তর ফেকামারা, চরপুক্ষিয়া ১নং, দশকাউনিয়া, কুড়িয়াপাড়া, বনগ্রাম পশ্চিমপাড়া, উত্তর মুমুরদিয়া, অষ্টঘড়িয়া হামিদা খাতুন, কড়ুয়া পাড়া, দাসেরগাঁও, বাগপাড়া, দশপাখি, পূর্ব চরপুক্ষিয়া, পশ্চিম গচিহাটা, বৈরাগীরচর ২নং ও হারিনা ইছাক। এছাড়াও উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৩৪টি সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষাদানে ব্যাপক সমস্যার সৃষ্টি হচ্ছে। মানিকখালী গ্রামের মোস্তফা কামাল নান্দু জানান, আবেদন-নিবেদন করেও এসব শূন্য পদে নিয়োগ দেয়া হচ্ছে না। ফলে ছাত্র-ছাত্রীরা আশানুরূপ লেখাপড়া না হওয়ায় পরীক্ষার ফলাফলও ভাল হচ্ছে না। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফয়েজউদ্দিন আকন্দ বলেন, বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। অবিলম্বে শিক্ষক নিয়োগ দেয়া হবে।